

# SPECIAL EPS-TOPIK CBT 2021-এর বিজ্ঞপ্তি

কোরিয়া প্রজাতন্ত্র এর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্ম সংস্থান মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী নিম্নবর্ণিত তফসিল অনুসারে CBT পদ্ধতিতে বিশেষ কোরিয়ান ভাষা পারদর্শিতা পরীক্ষা (SPECIAL EPS-TOPIK) অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ পরীক্ষায় শুধু তারাই অংশ গ্রহণ করতে পারবে যারা ভিসার মেয়াদের ভেতর কোরিয়া ত্যাগ করেছেন এবং কোরিয়া চাকরি পেতে ইচ্ছুক।

ইপিএস'র মাধ্যমে শ্রমিক হিসেবে দক্ষিণ কোরিয়া যেতে ইচ্ছুক তাদের অবশ্যই দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত সরকারি প্রতিষ্ঠান এইচআরডি কোরিয়া কর্তৃক বাস্তবায়িত পরীক্ষায় পাশ করতে হবে। এ পরীক্ষায় পাশকৃত ব্যক্তিরাই শুধু ইপিএস-এর অধীনে চাকরির আবেদনপত্র জমা দিতে পারবে।

জুলাই ১৩, ২০২১

কোভিড অতিমারির কারণে জনসমাগম এড়ানো ও প্রতিরোধ এবং সংশ্লিষ্ট ইপিএস প্রার্থীদের সুবিধার্থে স্পেশাল ইপিএস-টপিক সিবিটি ২০২১-এর নিবন্ধন কার্যক্রম নিম্নবর্ণিত পদ্ধতিতে অনলাইনে গ্রহণ করা হবে:

(ক) স্পেশাল সিবিটি (রি-সেটেলমেন্ট) প্রার্থীর পরীক্ষার ফি ব্যতীত নিবন্ধন গ্রহণ করা হবে গুগল ডক ফর্মে।

(খ) স্পেশাল সিবিটি প্রার্থীর (রি-সেটেলমেন্ট ব্যতীত) পরীক্ষার ফিসহ নিবন্ধন গ্রহণ করা হবে বোয়েসেল ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে।

## ১. পরীক্ষার তফসিল

ইপিএস সাইটে নিবন্ধন	ব্যক্তি ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা	পরীক্ষার তারিখ	ফলাফল ঘোষণা	আবেদনকারীর জন্ম তারিখ
জুলাই ২৬-২৮	আগস্ট ২৫	সেপ্টেম্বর ১-৯	অক্টোবর ২০	জুলাই ২৭, ১৯৮১ ~ জুলাই ২৬, ২০০৩

✘ পরীক্ষার তফসিল ইপিএস ব্যবস্থাপনা পরিস্থিতি অনুযায়ী হোমপেইজ নোটিশের মাধ্যমে পরিবর্তন যোগ্য

## ২. ইন্ডাস্ট্রি : ম্যানুফেকচারিং, এগ্রিকালচার/লাইভস্টক, কন্সট্রাকশন, ফিশিং, সার্ভিস

➤ দেশে ফেরত আসার অব্যবহিত পূর্বের কোম্পানিতে যেতে চাইলে (ন্যূনতম ১ বছর এ কোম্পানিতে কাজ করে থাকলে) সে ইন্ডাস্ট্রি পছন্দ করতে হবে। সুতরাং ইন্ডাস্ট্রি পছন্দ করার সময় সাবধানতা অবলম্বন করতে হবে।

## ৩. উত্তীর্ণ প্রার্থীর (সম্ভাব্য) সংখ্যা: এইচ আর ডি কোরিয়া কর্তৃক পরবর্তীতে ঘোষণা করা হবে

-পূর্ণমান ২০০'র মধ্যে ১০০নম্বর-এর বেশি প্রাপ্তদের ভেতর থেকে সর্বোচ্চ নম্বরের ক্রমানুযায়ী (মেধা তালিকার ভিত্তিতে) পূর্ব নির্ধারিত সংখ্যক পরীক্ষার্থীকে উত্তীর্ণ করানো হবে।

## ৪. পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষার্থী ভিত্তিক পরীক্ষার তারিখ ঘোষণা

- পরীক্ষা কেন্দ্রঃ ইপিএস-টপিক সিবিটি সেন্টার
- ঠিকানাঃ M ফ্লোর, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইন্সটন গার্ডেন, ঢাকা-১০০০ (বোয়েসেল যে বিল্ডিংয়ে অবস্থিত সেখানে বামদিকের লিফ্টে M ফ্লোর, ৬ ও ৭ তলার মাঝে)
- ইপিএস টপিক ওয়েব সাইট (<http://www.epstopik.hrdkorea.or.kr>)
- বোয়েসেল নোটিশ বোর্ড ও ওয়েবসাইট ([www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd))

## ৫. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:

- পুনঃ নিয়োগপ্রাপ্ত (রি-এমপ্লয়েড) হওয়ার পর ভিসার মেয়াদের ভেতর স্বদেশে ফেরত এসেছে (১.১.২০১০ এর পর) এমন ব্যক্তি
- বয়স ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে
- যার কোন দিন রাষ্ট্রীয় নির্দেশে কারা অন্তরীণ বা কঠোর শাস্তি হয়নি
- যাকে কোন দিন সরকারি এজেন্সি কর্তৃক দক্ষিণ কোরিয়ার পোর্ট থেকে ফেরত পাঠানো হয়নি, বা সে দেশ বের হওয়ার নির্দেশ দেয়া হয় নি
- যার উপর বিদেশ যাত্রায় কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই

- ই-৯ বা ই-১০ ভিসায় কোরিয়ায় ৫ বছর বা ততোধিক কাল কোরিয়ায় বসবাস করে নাই এমন ব্যক্তি
- ইমিগ্রেশন আইন (নভেম্বর ২০১৭) সংশোধনের পূর্বে কোরিয়া ত্যাগ করেছে এমন ব্যক্তি ৫বছর বা ততোধিক কাল কোরিয়ায় বাস করে থাকলেও সম্ভাব্য পরীক্ষার্থীর তালিকায় নাম থাকতে পারে, তবে এ সব ব্যক্তি রেজিস্ট্রেশনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

#### ৬. পরীক্ষার নিবন্ধন:

- নিবন্ধনের সময়সীমা: আগামী ২৫-২৭ জুলাই ২০২১ খ্রি. তারিখ প্রত্যহ সকাল ১০ ঘটিকা থেকে বিকাল ৫ ঘটিকার মধ্যে অনলাইনে (নির্ধারিত তারিখ ও সময়ের পর সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে)
- নিবন্ধন স্থান: বোয়েসেল-এর ওয়েবসাইট
- নিবন্ধন পদ্ধতি: প্রকাশিত তালিকা অনুযায়ী রি-সেটেলমেন্ট প্রার্থীদের রেজিস্ট্রেশন গুগল ডক ফর্মে গ্রহণ করা হবে এবং রি-সেটেলমেন্ট ব্যতীত প্রার্থীদের নিজ উদ্যোগে বোয়েসেল-এর ওয়েবসাইটে নিবন্ধন লিংকে নিবন্ধন সম্পন্ন করতে হবে।
- নিবন্ধনের প্রয়োজনীয় তথ্য নিবন্ধন নির্দেশিকা থেকে জানা যাবে:

○ **পরীক্ষার ফি (নিবন্ধন ফি):** ২১০০ (দুই হাজার একশ) টাকা + বিকাশ কমিশন ২৪.১৫ (চব্বিশ টাকা পনেরো পয়সা)

- **পরীক্ষার ফি জমার পদ্ধতি:** অনলাইনে বিকাশ গেটওয়ের মাধ্যমে।

○ এইচআরডি কোরিয়া পরিচালিত রি-সেটেলমেন্ট সাপোর্ট প্রোগ্রামে অংশগ্রহণকৃত প্রার্থীদের সুবিধাসমূহ

সাল	রি-সেটেলমেন্ট সাপোর্ট ট্রেনিং প্রোগ্রাম (সর্বোচ্চ ২৫পয়েন্টস)		
	টপিক লেভেল থ্রী কোর্স (সর্বোচ্চ ২০পয়েন্টস)		ভোকেশনাল ট্রেনিং (সর্বোচ্চ ৫ পয়েন্টস)
	কোর্স সমাপন	ন্যূনতম লেভেল থ্রী প্রাপ্ত প্রার্থী	কোর্স সমাপন
২০১৬	-		
২০১৭ থেকে	অতিরিক্ত পয়েন্টস (৫পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ	অতিরিক্ত পয়েন্টস (২০পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ	অতিরিক্ত পয়েন্টস (৫পয়েন্টস) রেজিস্ট্রেশন ফি মওকুফ

※ কোরিয়াতে রিসেটেলমেন্ট সাপোর্ট প্রোগ্রাম সমাপন করে থাকলে এপ্রিকেশন ফর্ম ও সার্টিফিকেট জমা দিন (এটাচমেন্ট দেখুন)

※ যাদের ন্যূনতম টপিক থ্রী লেভেল আছে তারা শুধু টপিক সার্টিফিকেট নয়, টপিক কোর্স সমাপনী সার্টিফিকেটও জমা দিতে হবে।

#### ৭. পরীক্ষার সময়কাল : ২০২১, সেপ্টেম্বর ১ ~ ৯

প্রশ্নের ধরন	প্রশ্নের সংখ্যা	মোট নম্বর	সময়
মোট	৪০	২০০	৫০মিনিট
রিডিং	২০	১০০	২৫মিনিট
লিসেনিং	২০	১০০	২৫মিনিট

#### ○ পরীক্ষার সময়কাল

সেশন	পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম)	পরীক্ষার্থী প্রশিক্ষণ	পরীক্ষা	
			রিডিং (২৫মিনিট)	লিসেনিং (২৫মিনিট)
১ম সেশন	08:30~09:30	09:30~10:00	10:00~10:25	10:25~10:50
২য় সেশন	10:00~11:00	11:00~11:30	11:30~11:55	11:55~12:20
৩য় সেশন	12:30~13:30	13:30~14:00	14:00~14:25	14:25~14:50
৪র্থ সেশন	14:00~15:00	15:00~15:30	15:30~15:55	15:55~16:20

➤ প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন 09:30 , ২য় সেশন 11:00 , ৩য় সেশন 13:30 , ৪র্থ সেশন 15:00টা পর্যন্ত)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

❖ প্রশ্ন তৈরি, নম্বর বন্টন এবং পাশের মানদণ্ড

- মাল্টিপল চয়েস কোয়েশ্চন (এমসিকিউ)

- কোন বিরতি ছাড়া রিডিং ও লিসেনিং পার্ট অনুষ্ঠিত হবে
- ❖ সকল প্রশ্ন এইচআরডি কোরিয়া প্রকাশিত “ইপিএস টপিক স্ট্যান্ডার্ড টেক্সটবুক” এর ভিত্তিতে অপ্রকাশিত প্রশ্ন ব্যাংক থেকে করা হবে।
- ❖ পরীক্ষার দিন যা থাকতে হবে
  - প্রবেশ পত্র
  - মূল পাসপোর্ট
  - কোভিড নেগেটিভ সনদ (পরীক্ষার তারিখের ৪৮ ঘণ্টার মধ্যে ইস্যু করা নেগেটিভ সনদ হতে হবে)।
- ❖ নিবন্ধনের সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল সেটি অবশ্যই সাথে থাকতে হবে। **ফটোকপি গ্রহণযোগ্য নয়।**

#### ৮. পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা

- ❖ ঘোষণার তারিখঃ অক্টোবর ২০, ২০২১
- ❖ ঘোষণার পদ্ধতিঃ
  - ইপিএস হোমপেইজ ( [www.eps.go.kr](http://www.eps.go.kr) )
  - বোয়েসেল হোমপেইজ ([www.boesl.gov.bd](http://www.boesl.gov.bd)) এবং বোয়েসেল এর নোটিশ বোর্ডে।
  - ইপিএস টপিক হোমপেইজ ([epstopik.hrdkorea.or.kr](http://epstopik.hrdkorea.or.kr))
- ❖ পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ফলাফল ঘোষণার দিন থেকে ২বছর

#### ৯. অন্যান্য গাইডলাইন

- কোন পরীক্ষার্থী স্বেচ্ছায় কোরিয়া ত্যাগকারী নয় বলে প্রমাণিত হলে তার পরীক্ষার ফলাফল বাতিল বলে ধরে নেয়া হবে। এবং এ ব্যাপারে সকল দায়-দায়িত্ব পরীক্ষার্থীর উপর বর্তাবে।
- উত্তীর্ণ ব্যক্তিদের প্রি-রোস্টার তৈরি, রোস্টার অনুমোদন, চাকরি খোঁজার প্রক্রিয়া ইত্যাদি অতি দ্রুততার সাথে সম্পন্ন হবে এবং কোরিয়া যাওয়ার আগে প্রিলিমিনারি ট্রেইনিং দেয়ার প্রয়োজন হবে না।
- মোবাইল ফোন, ক্যাসেট প্লেয়ার, PDA, MP3, ডিজিটাল অভিধান, ডিজিটাল ঘড়ি, কাগজ, কলম বা পরীক্ষায় অসদুপায়ে ব্যবহৃত হতে পারে এমন দ্রব্য সাথে নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না (পরীক্ষা চলাকালে কারো কাছে এ সব দ্রব্য পাওয়া গেলে অসদুপায় অবলম্বনের দায়ে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করা হবে)। **সুতরাং এ সব দ্রব্য সমূহ পরীক্ষার দিন সাথে নিয়ে আসা থেকে বিরত থাকার অনুরোধ রইল।**
- অসদুপায় অবলম্বন করতে গিয়ে ধরা পড়লে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ৪বছরের জন্য ইপিএস-কেএলটিতে অংশগ্রহণের যোগ্যতা হারাবে।
- নিবন্ধন ফর্মে উল্লেখ করা তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না। এবং এ ব্যাপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে
- অপ্রকাশিত প্রশ্ন ব্যাঙ্ক থেকে প্রশ্ন আসবে, এইচআরডি কোরিয়া কর্তৃক প্রকাশিত “দ্য স্ট্যান্ডার্ড টেক্সটবুক ফর ইপিএস-টপিক” এর ভিত্তিতে প্রশ্নপত্র প্রস্তুত করা হবে

#### ১০. কোভিড-১৯ এর বিস্তারি প্রতিরোধ সম্পর্কে:

- সমস্ত আবেদনকারীদের অবশ্যই পরীক্ষার স্থানে প্রবেশের আগে মাস্ক পরা থাকতে হবে এবং অন্যান্য ব্যক্তির সুরক্ষার জন্য যথাযথ নির্দেশনা বা নির্দেশিকা মেনে চলতে হবে।
- পরীক্ষার কক্ষে প্রবেশের আগে সমস্ত আবেদনকারীদের অবশ্যই তার তাপমাত্রা থাকতে হবে এবং হাত স্যানিটাইজার দিয়ে তাদের হাত পরিষ্কার করতে হবে। যদি কোনও আবেদনকারীর জ্বর, কাশি বা অন্যান্য শ্বাসকষ্টের লক্ষণ থাকে তবে ঘটনাস্থলের প্রবেশদ্বারকে সীমাবদ্ধ করা যেতে পারে।
- শারীরিক যোগাযোগ যেমন হ্যান্ডশেক এবং আলিঙ্গন বাদ দিতে হবে এবং সঠিক কাশি শালীনতা বজায় রাখুন (কাশি বা আপনার হাতে হাঁচি)।
- সকল পরীক্ষার্থীকে পরীক্ষার তারিখের ৪৮-ঘণ্টার ভেতর বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত হাসপাতাল থেকে কোভিড টেস্ট সম্পন্ন করে কেবল নেগেটিভধারীগণ সনদ সঙ্গে নিয়ে পরীক্ষার হলে উপস্থিত থাকতে হবে। অন্যথায় পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।
- যাদের ভ্যাকসিন দুই ডোজ সম্পন্ন হয়েছে তাদের কোভিড টেস্ট করার প্রয়োজন নেই।
- পরীক্ষা আরম্ভের আগে আইডেন্টিটি চেক’র সময় এবং পরীক্ষা কক্ষে প্রবেশের সময় শারীরিক তাপমাত্রা মেপে দেখা হবে। নিগেটিভ সার্টিফিকেট থাকা সত্ত্বেও শারীরিক তাপমাত্রা ৯৯ ডিগ্রী সেন্টিগ্রেড বা তার বেশি থাকলে পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না। এছাড়া কারো

কাছে কোভিড-১৯ এর অন্যান্য উপসর্গ পরিলক্ষিত হলেও পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না।

**স্ট্যান্ডার্ড টেক্সট বুকটি নিম্নের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে**

Section	Contents	Address of webpage
Homepage of HRD Korea	Textbook file (PDF, Sound source)	<a href="http://www.hrdkorea.or.kr/3/3/3/1/2">http://www.hrdkorea.or.kr/3/3/3/1/2</a>
Homepage of EPS-TOPIK	Textbook file (PDF, Sound source)	<a href="http://eps.hrdkorea.or.kr">http://eps.hrdkorea.or.kr</a>

<p>◆ স্পেশাল ইপিএস টপিকে উত্তীর্ণতা শুধু মাত্র জব এ্যাপ্লিকেশন করার যোগ্যতাকে নিশ্চিত করে, কোরিয়ায় চাকরির নিশ্চয়তা বহন করে না।</p> <p>◆ অধিকন্তু যে সব ব্যক্তি মেডিক্যাল টেস্টে অনুত্তীর্ণ হবে এবং কোরিয়ায় অবৈধ থাকার অভিযুক্ত আছে অথবা ই-৯ ক্রাইটেরিয়াতে পড়ে না, তারা কোরিয়ায় চাকরি পাবে না।</p> <p>◆ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ টেস্ট'এ পজিটিভ হলে কোরিয়া থেকে ফেরত পাঠানো হয়।</p>
<p>বাংলাদেশ সরকার এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর সাথে দক্ষিণ কোরিয়ার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর মধ্যকার সমঝোতা চুক্তি অনুযায়ী একমাত্র বোয়েসেল বৈধভাবে দক্ষিণ কোরিয়ায় শ্রমিক প্রেরণ করতে পারবে। ইপিএস-টপিক'এ উত্তীর্ণ হওয়ার পর যাদের জব রোস্টার কোরিয়ান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে তাদের মধ্য থেকেই কোরিয়ান শিল্প মালিকরা শ্রমিক নিয়োগ দিতে পারবে। অন্য কোন জনশক্তি রফতানিকারী এজেন্ট বা ভাষাশিক্ষা প্রতিষ্ঠান এর ব্যত্যয় ঘটালে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।</p>
<p>ইপিএস টপিক সিবিটি'র নিবন্ধন ফি ২৪মার্কিন ডলার বা সম পরিমান স্থানীয় মুদ্রা। পরীক্ষার পর কোরিয়ায় প্রবেশ পর্যন্ত যে ব্যয় হবে তা বৈধ প্রেরণ ব্যয় হিসেবে বোয়েসেল-এর হোম পেইজে প্রকাশিত থাকবে। সুতরাং কোরিয়ায় পাঠানোর নামে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির প্রতারণা থেকে সতর্ক থাকার জন্য সাবধান করা হলো</p>

**ব্যবস্থাপনায়:** শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র

**বাস্তবায়নে:** এইচ.আর.ডি-কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র

**সহযোগীতায়:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও বোয়েসেল